

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
বিদ্যালয়-১ অধিশাখা

নং-৩৮.০০৭.০১৫.০০০.০৩.০০.২০১৩-৮৮৯

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২১
০৫ জুন ২০১৪

পরিপত্র

বিষয়: ২০১৩ ও ২০১৪ সালে জাতীয়করণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন নির্ধারণের জন্য চাকুরীকাল গণনা ও ছুটিসহ অন্যান্য আর্থিক সুবিধাদির প্রাপ্যতা প্রসঙ্গে।

বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের সিদ্ধান্তের আওতায় ২০১৩ ও ২০১৪ সালে অধিগ্রহণকৃত বিদ্যালয়ের শিক্ষকদের বেতন নির্ধারণ ও ছুটিসহ অন্যান্য আর্থিক সুবিধাদির প্রাপ্যতা বিষয়ে মাঠ পর্যায় হইতে উত্থাপিত বিভিন্ন প্রশ্নের পরিপ্রেক্ষিতে নিম্নরূপ স্পষ্টীকরণ করা হইল:

১. প্রারম্ভিক বেতন নির্ধারণের জন্য চাকুরীকাল গণনার পদ্ধতি -

১.০১ এমপিওভুক্ত শিক্ষকের ক্ষেত্রে:

- (ক) সহকারী শিক্ষকদের কার্যকর চাকুরীকাল সংশ্লিষ্ট বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে যোগদানের তারিখ হইতে গণনাযোগ্য হইবে।
- (খ) প্রধান শিক্ষক পদে পদোন্নতিপ্রাপ্ত শিক্ষকদের কার্যকর চাকুরীকাল সহকারী শিক্ষক পদে যোগদানের তারিখ হইতে সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষক পদে চাকুরীর সমষ্টির ভিত্তিতে গণনাযোগ্য হইবে।
- (গ) ১৪.০৭.২০০৮ তারিখের পরে সরাসরি নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষকদের কার্যকর চাকুরীকাল উক্ত পদে যোগদানের তারিখ হইতে গণনাযোগ্য হইবে।

১.০২ এমপিওভুক্ত হয় নাই এমন শিক্ষকের ক্ষেত্রে:

- (ক) রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য গঠিত প্যানেল হইতে নিয়োগকৃত শিক্ষকের কার্যকর চাকুরীকাল চাকুরীতে যোগদানের তারিখ হইতে গণনাযোগ্য হইবে।
- (খ) ১০.০৬.২০০৯ তারিখের পূর্বে নিয়োগকৃত শিক্ষকের কার্যকর চাকুরীকাল চাকুরী সরকারিকরণের তারিখ হইতে গণনাযোগ্য হইবে।

২. প্রারম্ভিক বেতন নির্ধারণের পর পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ নিম্নরূপে নির্ধারিত হইবে -

২.০১ এমপিওভুক্ত শিক্ষকের ক্ষেত্রে যেই মাসে এমপিওভুক্ত হইয়াছেন সেই মাসের ১ম তারিখ।

২.০২ এমপিওভুক্তির অপেক্ষাধীন রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের জন্য গঠিত প্যানেল হইতে নিয়োগকৃত শিক্ষকের ক্ষেত্রে চাকুরীতে যোগদানের তারিখ।


২.০৩ এমপিওভুক্তির অপেক্ষাধীন এসএমসি কর্তৃক নিয়োগকৃত শিক্ষকের ক্ষেত্রে চাকুরী সরকারিকরণের তারিখ।

৩. টাইম-স্কেল, শ্রান্তি বিনোদন ছুটি ও অন্যান্য ছুটির প্রাপ্যতা -

- ৩.০১ টাইম-স্কেল প্রাপ্যতা চাকুরী সরকারিকরণের তারিখে সংশ্লিষ্ট শিক্ষকের কার্যকর চাকুরীকালের ভিত্তিতে নির্ধারিত হইবে।
- ৩.০২ শ্রান্তি বিনোদন ছুটির প্রাপ্যতা সংশ্লিষ্ট শিক্ষকের চাকুরী সরকারিকরণের তারিখ হইতে প্রত্যেক তিন বৎসর পূর্তিতে।
- ৩.০৩ অন্যান্য ছুটির প্রাপ্যতা চাকুরী সরকারিকরণের তারিখে সংশ্লিষ্ট শিক্ষকের কার্যকর চাকুরীকালের ভিত্তিতে নির্ধারিত হইবে।

৪. মহার্ঘ-ভাতার প্রাপ্যতা -

- ৪.০১ ১ম ধাপে অধিগ্রহণকৃত বিদ্যালয়ের শিক্ষকগণ ০১ জুলাই ২০১৩ তারিখ হইতে প্রাপ্য হইবেন।
- ৪.০২ ২য় ও ৩য় ধাপে অধিগ্রহণকৃত বিদ্যালয়ের শিক্ষকগণ স্ব-স্ব চাকুরী সরকারিকরণের তারিখ হইতে প্রাপ্য হইবেন।


(মোহাম্মদ আবুল কালাম) ০৫, ০৬, ১৪
উপ-সচিব
ফোনঃ ৯৫১১০৭৩

বিতরণ:

- ১। মন্ত্রিপরিষদ সচিব/মুখ্য সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়/পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ (৫ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা,..... বিভাগ (সকল)।
- ১০। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,.....জেলা (সকল)।
- ১২। উপজেলা/থানা শিক্ষা অফিসার,..... উপজেলা/থানা (সকল)।
- ১৩। উপজেলা/থানা হিসাব রক্ষণ কর্মকর্তা,..... উপজেলা/থানা (সকল)।